

পররাষ্ট্র মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ঢাকা



MINISTRY OF FOREIGN AFFAIRS
GOVERNMENT OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
DHAKA

নং-সি এন্ড ডব্লিউ/এমআরপি/ওপিপি/৩১/২০১৫/৫৩০

১৭ ডিসেম্বর ২০১৫ ইং

বিষয় : ০১ (এক)টি অফিসিয়াল MRP প্রদান প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, রাষ্ট্রীয় অতিথি ভবন, সুগন্ধায় কর্মরত হেডমালী জনাব মোঃ আফজাল হোসেন, তাঁর পিতার চিকিৎসার উদ্দেশ্যে সফরসঙ্গী হিসেবে ভারতে গমন করবেন। উল্লেখ্য, সরকারী পাসপোর্ট প্রাপ্যতা বিষয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের পরিপত্র নং- স্বঃমঃ-পিঃপিঃ(অপি)-০১/১১(বহি-১)/১০২৩, তারিখঃ ২০ ডিসেম্বর ২০১১ এর 'চ' অনুচ্ছেদ (i) অনুযায়ী "জনপ্রশাসন মন্ত্রণালয়" (ভূতপূর্ব সংস্থাপন মন্ত্রণালয়) এর পরিসংখ্যান ও গবেষণা কোষ হতে ২০০৯ সালে মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/পরিদপ্তর/অধস্তন অফিস এবং স্বায়ত্বশাসিত সংস্থা/কর্পোরেশন এর নাম ও যোগাযোগের ঠিকানা সম্বলিত পুস্তকে যে সকল দপ্তরের নাম উল্লেখ করা হয়েছে, সে সকল দপ্তরে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের অনুকূলে অফিসিয়াল পাসপোর্ট ইস্যু করা হবে। অফিসিয়াল পাসপোর্ট প্রদানের ক্ষেত্রে সরকারী আদেশ/জি.ও. এর ভিত্তিতে বিনা ফিতে এবং অন্যান্য ক্ষেত্রে উপর্যুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে নির্ধারিত ফি গ্রহণে সাপেক্ষে ভিন্ন রঙের (নীল) মোড়কে অফিসিয়াল পাসপোর্ট ইস্যু করতে হবে" (কপি সংযুক্ত)। জনপ্রশাসন মন্ত্রণালয়ের পরিসংখ্যান ও গবেষণা কোষ হতে ২০০৯ সালে মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/পরিদপ্তর/অধস্তন অফিস এবং স্বায়ত্বশাসিত সংস্থা/কর্পোরেশন এর নাম ও যোগাযোগের ঠিকানা সম্বলিত পুস্তকে ফরেন সার্ভিস একাডেমী-এর নাম উল্লেখ করা হয়েছে (কপি সংযুক্ত)।

০২। এমতাবস্থায় নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে রাষ্ট্রীয় অতিথি ভবন, সুগন্ধায় কর্মরত হেডমালী জনাব মোঃ আফজাল হোসেন-এর অনুকূলে অফিসিয়াল পাসপোর্ট ইস্যুকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা যাচ্ছে।

 ১৭.১২.১৫

(দয়াময়ী চক্রবর্তী)

সহকারী সচিব (এমআরপি)

ফোনঃ ০২-৯৫৭-৪০৫৫

মহা-পরিচালক
বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর
পাসপোর্ট ভবন, আগারগাঁও
শের-ই-বাংলা নগর, ঢাকা।